

E-Paper

# আনন্দবাজার

Log in

প্রথম পাতা

কলকাতা

পশ্চিমবঙ্গ

দেশ

বিদেশ

সম্পাদকের পাতা

আরও

abazar / West Bengal / Students Protest at several college and university after incident of Jadavpur University dgtl - Anandab...

## ছাত্র ধর্মঘট: চলছে পরীক্ষা, যাদবপুরে সাবধানি এসএফআই! বিক্ষিপ্তি বিক্ষেপ কলকাতা, জেলায়

কলকাতার পুলিশ কমিশনার মনোজ বর্মা সর্তর্ক করে দিয়েছেন,  
পরীক্ষার্থীরা সমস্যায় পড়লে ‘অ্যাকশন’ হবে। ছাত্র ধর্মঘটের  
সকালে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে এসএফআই অনেকটাই সাবধানি।



সোমবার সকালে যোগমায়া দেবী কলেজের সামনে এআইডিএসও-  
র বিক্ষেপ কর্মসূচি। — নিজস্ব চিত্র।

## আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

শেষ আপডেট: ০৩ মার্চ ২০২৫

১০:৩৮

Share 

Save

যাদবপুরের ঘটনায় প্রতিবাদে সোমবার রাজ্যের সব  
বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটের ডাক দিয়েছে এসএফআই। বিভিন্ন  
বাম ছাত্র সংগঠনও প্রতিবাদ কর্মসূচির ডাক দিয়েছে।  
সোমবার সকালে প্রতিবাদ কর্মসূচির প্রভাব পড়তে দেখা  
গিয়েছে কলকাতা বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়-  
সহ অন্য কিছু উচ্চশিক্ষা প্রতিষ্ঠানেও। কলকাতা বিশ্ববিদ্যালয়  
চতুরে পিকেটিং শুরু করেছে এআইডিএসও। প্রেসিডেন্সি  
বিশ্ববিদ্যালয় চতুরেও বাম ছাত্র সংগঠনের বিক্ষেপ দেখা  
গিয়েছে সকালে। পিকেটিং শুরু হয়েছে যোগমায়া দেবী  
কলেজেও। তবে এই প্রতিবাদ কর্মসূচির ভরকেন্দ্র যাদবপুর  
বিশ্ববিদ্যালয়ে এখনও পর্যন্ত তেমন কোনও কর্মসূচি দেখা  
যায়নি।

Advertisement

MISSOMA  yes

যাদবপুরে এসএফআইয়ের নেতা-কর্মীদের একাংশের বক্তব্য, তাঁরা এখন প্রতিবাদ কর্মসূচির প্রস্তুতি নিচ্ছেন। কিছুটা বেলার দিকে নিজেদের কর্মসূচি শুরু করতে চাইছেন তাঁরা। সোমবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রথম সেমেষ্টারের পরীক্ষা রয়েছে। পাশাপাশি চতুর্থ বর্ষের পড়ুয়াদের চাকরির ইন্টারভিউ (প্লেসমেন্ট) রয়েছে বিশ্ববিদ্যালয় চতুর্থে। এই প্রক্রিয়ায় কোনও বিষ্ণু তৈরি করতে চাইছে না যাদবপুরের এসএফআই শিবির। বাম ছাত্র সংগঠন সূত্রে খবর, ইন্টারভিউয়ের জন্য আসা পড়ুয়াদের বাধা দিতে চাইছে না তারা। আবার প্রথম সেমেষ্টারের পরীক্ষার্থীদের একাংশের বক্তব্য, তাঁরা পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করে নিজেদের প্রতিবাদ জানাবেন। পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করলেও পরীক্ষা না-দিয়েই বেরিয়ে আসার কথা ভাবছেন কেউ কেউ।

তবে যাদবপুরের এসএফআই শিবিরের বক্তব্য, প্রতিবাদ কর্মসূচিকে বিশ্ববিদ্যালয়ের মধ্যেই সীমিত রাখতে চাইছে তারা। উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের যাতে সমস্যা না-হয়, সেই কারণেই এই সিদ্ধান্ত বলে দাবি ছাত্র সংগঠনের। যদিও বিকেলে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠ থেকে প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছে বাম ছাত্র সংগঠনগুলিও। বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস থেকে বেরিয়ে যাদবপুর থানা হয়ে আবার ক্যাম্পাসে ফেরার কথা রয়েছে ওই মিছিলের।

যাদবপুর বিশ্ববিদ্যালয় লাগোয়া যাদবপুর বিদ্যাপীঠ স্কুলে উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলছে। তার পাশেই চলছে ধর্মঘটের পিকেটিং। উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের অভিভাবকদের কাছে ধর্মঘট সমর্থনকারী পড়ুয়ারা অনুরোধ করেছেন, তাঁরা চাইলে বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের ইউনিয়ন রুম ব্যবহার করতে পারেন। অভিভাবকদের একাংশও জানাচ্ছেন, তাঁদের কেউ বাধা দেননি। পরীক্ষার্থীদের জন্যও কোনও অসুবিধা তৈরি হয়নি বলে জানাচ্ছেন তাঁরা।

## আরও পড়ুন:

আনন্দবাজারcom

যাদবপুরের ঘটনায়  
এখনও পর্যন্ত সাতটি  
এফআইআর!...

আনন্দবাজারcom

‘উচ্চ মাধ্যমিক  
পরীক্ষায় সমস্যা হলেই  
অ্যাকশন’!...

বস্তুত, সোমবার থেকেই উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে। যাদবপুরের বিশ্বজ্ঞান পরবর্তী এই প্রতিবাদ কর্মসূচির জন্য উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের যাতে কোনও সমস্যা না হয়, সে বিষয়ে রবিবারই সতর্ক করে দেন কলকাতার পুলিশ সুপার মনোজ বর্মা। পরীক্ষার্থীরা সমস্যায় পড়লে ‘অ্যাকশন’ নেওয়া হবে বলেও জানান তিনি। যাদবপুরকাণ্ডে শনিবার রাতেই এক প্রাত্নীকে গ্রেফতার করেছে পুলিশ। তাঁকে ১০ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত। এখনও পর্যন্ত যাদবপুর থানায় শনিবারের অশান্তি সংক্রান্ত মোট সাতটি এফআইআর দায়ের হয়েছে। মামলা হয়েছে একাধিক জামিনযোগ্য ও জামিন-অযোগ্য ধারায়। ওয়েবকুপা এবং পড়ুয়া— লিখিত অভিযোগ জমা দিয়েছে দু’পক্ষই।

আনন্দবাজারcom

মেদিনীপুর কলেজ চতুরে উত্তেজনা ছড়ায় সোমবার সকালে।  
পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টায় পুলিশ। —নিজস্ব চিত্র।

বাম ছাত্র সংগঠনের ডাকা ধর্মঘটের বিক্ষিপ্ত কিছু প্রভাব  
জেলাস্তরেও পড়তে দেখা গিয়েছে। সোমবার সকালে ছাত্র  
ধর্মঘটকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায় মেদিনীপুর কলেজে।  
প্রাতঃবিভাগের পড়ুয়ারা কলেজে প্রবেশের চেষ্টা করলে  
তাঁদের বাধা দেওয়ার অভিযোগ ওঠে ধর্মঘট সমর্থনকারীদের  
বিরুদ্ধে। দু'পক্ষের বাদানুবাদ এবং সংঘর্ষে বেশ কয়েক জন  
আহত হন বলে প্রাথমিক ভাবে জানা যাচ্ছে। পরিস্থিতি  
নিয়ন্ত্রণে আনতে মেদিনীপুর কোতোয়ালি থানার  
পুলিশকর্মীদের মোতায়েন করা হয় এলাকায়। ঘটনাস্থলে  
পৌঁছেন পশ্চিম মেদিনীপুরের অতিরিক্ত পুলিশ সুপার  
পিনাকী দত্তও। ঘটনাস্থল থেকে বেশ কয়েক জনকে সরিয়ে  
নিয়ে গিয়েছে পুলিশ। পরে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়েও  
উত্তেজনা ছড়ায়। এআইডিএসও-র তরফে ধর্মঘটের পিকেটিং  
চলছিল সেখানে। ওই সময়ে সংগঠনের জেলা সম্পাদক  
তনুশ্রী বেজ-সহ আট জনকে পুলিশ আটক করে।